গাংনীতে চাল গুজবের অবসান

চুয়াডাঙ্গা সাতগাড়ির গুদামে জব্দকৃত ১২৬৬ বস্তা চাল জব্দের ঘটনার তদন্ত শেষ হয়েছে। চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসনের দুটি তদন্ত টীমই তাদের তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন।

তদন্তে সাহিদুজ্জামান খোকন চাল পাচারের বিষয়ে সংশ্লিষ্টতা বা জড়িত নয় এবং আইনানুযায়ি প্রকল্প চেয়ারম্যান গণ চাল বিক্রি করেছেন বলে প্রমানিত হয়েছে।

এদিকে চাল নিয়ে ক্ষমতাসীন দলের নেতৃবৃন্দের মত বিনিময় সভায় সাংসদ সাহিদুজ্জামান খোকনের জড়িত থাকা ও তার শাস্তির দাবী অহেতুক ও দলের ভাবসুর্তি ক্ষুন্ন হয়েছে বলে মন্তব্য করেছেন অনেকেই।

গাংনীর খাদ্য গুদাম থেকে ছাড় হওয়া ১২৬৬ বস্তা চাল চুয়াডাঙ্গার সাতগাড়ি বাজারের জনৈক নজরুল ইসলামের গুদামে নিয়ে যাবার সময় প্রশাসনের নজরে পড়ে। এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন চাল জব্দ করেন এবং গোডাউনটি সিলগালা করেন। একই সাথে একটি তদন্ত কমিটি গঠন করেন।

সেই সাথে মেহেরপুর জেলা প্রশাসনও একটি তদন্ত কমিটি গঠন করে তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়। গেল রবিবার দুটি কমিটি তাদের প্রতিবেদন জমা দেন। প্রতিবেদনে সঠিক নিয়মে চাল বিক্রি করা হয়েছে এবং সাংসদ খোকন দোষি নয় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। সেই সাথে জব্দকৃত চাল ক্রেতাকে তা বুঝিয়ে দেয়া হয়েছে বলে জানা গেছে।

এদিকে চাল নিয়ে বিভিন্ন পত্র পত্রিকা ও সোস্যাল মিডিয়ায় নানা মন্তব্য প্রকাশ পায়। গত ১০ জুন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক তার কার্যালয়ে সাংবাদিকদের নিয়ে মতবিনিময় সভা করেন। তদন্ত টীম প্রকাশ্যে তদন্ত করা নিয়ে মন্তব্য করেন তিনি।

এ ছাড়াও এমপি খোকনের বিরুদ্ধে প্রতিবন্ধী স্কুলে শিক্ষক নিয়োগসহ নানা দুর্ণীতির ফিরিস্তি তুলে ধরেন।

ক্ষমতাসীন দলের কয়েকজন জানান, দলীয় এমপি ও উপজেলা আওয়ামীলীগের সভাপতির বরাদ্দ দেয়া চাল বিভিন্ন রাস্তা নির্মাণ ও সংস্কার কাজের

জন্য প্রকল্প চেয়ারম্যানদের নামে বরাদ্দ দেয়া হয়েছে। কোন অনিয়ম হলে তার দ্বায়ভার সংশ্লিষ্ট প্রকল্প চেয়ারম্যান গনের। এখানে এমপি খোকনের নাম জড়িয়ে মতোমবিনিময় সভা করাটা সমীচীন নয়। তাছাড়া মতো বিনিময় সভায় দুর্ণীতি তুলে ধরাটা কাদা ছোড়াছুড়ি ছাড়া আর কিছুই নয়।

নাম প্রকাশ না করার শর্তে ক্ষমতাসীন দলের এক নেতা জানান, বিগত দিনেও প্রকল্প চেয়ারম্যানরা চাল বিক্রি করেছেন। তা নিয়ে কোন কথা হয়নি। এখন কেন এতো কথা ? রাজনীতিটা বংশ পরমপরায় হয় না। মতাদর্শ বাবা ছেলের এক নাও হতে পারে। খোকন ছাত্র জিবন থেকে আওয়ামীলীগ রাজ নীতিতে জড়িত। দলীয় লোকজন কাদা ছোড়াছুড়িতে মেতে উঠেছেন মাত্র। এটা এখনই পরিহার করে সকলে মিলেমিশে সরকারের কর্মকান্ডকে বেগমান করার দাবী গাংনী উপজেলাবাসীর।

অপরদিকে যাচাই বাছাই না করে সরকারের প্রশাসনিক কর্তা ব্যাক্তিরা চাল জব্দ করে গোডাউন সিলগালা করায় দায়িত্বহীনতার পরিচয় দিয়েছেন বলে মন্তব্য করেন অনেকেই। চাল জব্দের সাথে জড়িত প্রশাসনের উচিৎ িেছেলা তাৎক্ষনিক ভাবে আইন জেনে মিডিয়াকে পরিস্কার করা।

এতে গাংনী রাজনীতি ও সরকারের উন্নয়নে চরম প্রভাব পড়েছে। চাল জদ্বের ঘটনায় সোস্যাল মিডিয়াতে ঝড় ওঠে। মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য কর্তৃক ডিও লেটারের মাধ্যমে ১৩ টি প্রকল্প পিআইসিদের মাঝে বরাদ্দ দেয়ায় তাকে নিয়ে অশ্লিল কথাবার্তা সহ মানহানিকর অনেক তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্তি ও বিভক্তি করার চেষ্টা করা হয়।

এবিষয়ে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, সত্য চিরদিনই সত্য। সৎ ব্যক্তি কখনোই জুলুমে পড়েনা। সাময়িক ভাবে কিছুটা হয়রানী হলেও পরে তা ঠিক হয়ে যায়। তবে যারা বিভিন্ন ভাবে আমার বিরুদ্ধে অপপ্রচার চালিয়েছেন তারা তাদের ভুলের মাশুল দেবেন।

গাংনীতে চেয়ারম্যানকে তুলে

নিয়ে জোর পূর্বক ত্রাণের তালিকায় স্বাক্ষর নিলেন আওয়ামীলীগ সভাপতি

ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে তুলে নিয়ে জোর পূর্বক ত্রাণের তালিকায় স্বাক্ষর করিয়ে নিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি। একই সঙ্গে ভিজিপির চাল ছিনিয়ে নেওয়ার ঘটনাও ঘটে।

মঙ্গলবার দুপুরে ক্ষমতার দাম্ভিকতার এ ঘটনাটি ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলা কাজিপুর ইউনিয়নে।

ইউনিয়ণ আওয়ামী লীগ সভাপতি আব্দুর রউফ স্বপন ধানখোলা ইউপির আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কাজিপুর হালসানা পাড়ার বাসিন্দা।

কাজিপুর ইউপি চেয়ারম্যান রাহাতুল্লাহ জানান, কাজিপুর ইউপি আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ স্বপন ও বেতবাড়িয়া গ্রামের আলাইহীম সহ তাদের সহযোগীরা আমাকে কাজিপুর গোলাম বাজার থেকে ইউনিয়ন পরিষদে তুলে নিয়ে ত্রানের ১২শ জনের তালিকায় জোর পূর্বক স্বাক্ষর করিয়ে নেন। সার্বিক ঘটনা উপজেলা নির্বাহী অফিসকে জানিয়েছি। তিনি আরো বলেন, আমি বৃদ্ধ মানুষ শেষ বয়সে আমাকে নিয়ে যা করলো আল্লাহই তার বিচার করবে।

ইউনিয়ন যুবলীগের সহ সভাপতি ও কাজিপুর ইউপি সদস্য মো: খবির উদ্দীন জানান, দলীয় ভাগ নেওয়ার নামে চেয়ারম্যানকে জিম্মি করে ১২শ’ জনের তালিকায় জোর করে লিখে নেয় ইউপি আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ স্বপন তার লোকজন। তিনি আরো বলেন, বেতবাড়িয়া গ্রামের কথিত আওয়ামীলীগ কর্মী আলাইহীমের নেতৃত্বে একই গ্রামের হকাজ্জেলের ছেলে রাজু ভিজিডির ২ বস্তা চাল ছিনতাই করে নিয়ে যায়। পরে প্রশাসনিক চাপের মুখে চাল ফেরত দিলে আসলে তাকে ইউনিয়ন পরিষদ কার্যালয়ে আটকিয়ে রাখা হয়।

কাজিপুর ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক হাফিজুর রহমান জানান, ইউপি আওয়ামীলীগের সভাপতি আব্দুর রউফ স্বপন তার লোকজন নিয়ে এসে ইউপি চেয়ারম্যানের কাছ থেকে ১২শ’ জনের তালিকায় জোর করে লিখে নিয়েছে। এরপর তার সমর্থকরা জোর করে ভিজিডির ২ বস্তা চাল নিয়ে

গাংনীর চাল বিক্রি করে নগদায়ন করা অনিয়ম হয়নি — তদন্ত কমিটি

গাংনী খাদ্য গুদাম থেকে সরবরাহকৃত চাল চুয়াডাঙ্গার দুটি গোডাউন থেকে জব্দ করা হয়। জব্দকৃত চাল সঠিক প্রক্রিয়ায় সরবরাহ করা হয়েছে এবং তার বিক্রি করে নগদায়ন করায় কোন অনিয়ম হয়নি বলে প্রতিবেদনে উল্লেখ করেছেন তদন্ত কমিটি।
সোমবার দুপুরে এ তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হয়। গত বৃহস্পতিবার তদন্ত কমিটির সদস্যরা দুই জেলা প্রশাসকের কাছে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।
মেহেরপুর জেলা প্রশাসন গঠিত তদন্ত প্রতিবেদনে দুটি বিষয়ে সুপারিশ করা হয়েছে প্রথমটি প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সভাপতিগনের প্রকল্প কমিটির সদস্যদের এবং স্থানীয় উপকারভোগীদের অবগত করার বিষয়ে সচেতনতার অভাব ছিলো। একানে জনমনে সন্দেহ বা উদ্রেক হয়েছিলো। এছাড়া বিদ্যমান নীতিমালা অনুযায়ী বরাদ্দকৃত চালে ৬০ ভাগ বিক্রয় করে নগদায়ন করার সুযোগ রয়েছে। দ্বিতীয়টি, প্রকল্প সমুহ যেন সঠিক ভাবে বাস্তবায়ন হয় এবং কোন অনিয়ম যেন না হয় এজন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে নির্দেশ দেয়া যেতে পারে বলে সুপারিশ করা হয়েছে।
চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার জানিয়েছেন, ৩৭ টন (১২শ’৬৬ বস্তা) চাল বিক্রয়ে কোন অনিয়ন পাওয়া যায়নী। চাল মালিকদের কাছে চাল বুঝিয়ে দেয়া হবে।
উল্লেখ্য: সোমবার সকালে চুয়াডাঙ্গা পৌর এলাকার সাতগাড়ীর গোডাউন দুটিকে ৩৭ টন (১২শ’৬৬ বস্তা) চালসহ সিলগালা করে উপজেলা প্রশাসন। এ ঘটনায় চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলা প্রশাসন পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করে। কমিটিতে ৩ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়।

গাংনীতে অনৈতিক কাজে লিপ্ত থাকায় দু’জনকে আটক করে পুলিশে দিয়েছে জনতা

মেহেরপুরের গাংনীতে অনৈতিক কাজে লিপ্ত থাকার অপরাধে দুজনকে পুলিশে সোপর্দ করেছে স্থানীয় জনতা। পুলিশ তাদেরকে অভিযুক্ত করে আদালতে প্রেরণ করেছে।

পুলিশ জানায় গাংনী উপজেলার করমদি বহাল পাড়া গ্রামের মিশকাত আলীর ছেলে কারিবুল ইসলাম (৩০) দীর্ঘদিন যাবৎ পীরতলা গ্রামের স্বামী পরিত্যাক্তা এক মহিলার কাছে যাওয়া আসা করত। তাদের দু’জনার অবাধ মেলামেশা স্থানীয়দের চোখে সন্দেহ হলে তাদের দুজনকে এই অবাধ মেলামেশা করতে নিষেধ করে।

স্থানীয়দের নিষেধাজ্ঞা অমান্য করেই তারা রবিবার সকালে কারিবুল পীরতলা গ্রামে ওই মহিলার বাড়িতে প্রবেশ করে। এ সময় অনৈতিক কাজে লিপ্ত থাকা অবস্থায় গ্রামবাসীরা কারিবুল ও ওই মহিলাকে স্থানীয় পীরতলা পুলিশ ক্যাম্পে সোপর্দ করে।

পীরতলা পুলিশ ক্যাম্প ইনচার্জ তাদের দুজনকে গাংনী থানাতে নিয়ে আসলে গাংনী থানায় তাদের দুজনের নামে মামলা দিয়ে আদালতে প্রেরণ করেছে।

গাংনী থানার ওসি ওবায়দুর রহমান জানান যেহেতু তারা সামাজিক বিধি লংঘন করেছে এবং এলাকার মানুষ পুলিশের হাতে সোপর্দ করেছে সেহেতু তাদেরকে অনৈতিক কর্মকাণ্ডের অপরাধে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে নতুন করে আরো ১জন

করোনা আক্রান্ত:: তিনি দুবাই ফেরৎ

মেহেরপুরের গাংনীতে হাফেজ আলী (৩৫) নামের এক ব্যক্তি করোনা আক্রান্ত হয়েছে। হাফেজ আলী কাজিপুর মন্ডল পাড়ার বাসিন্দা। রবিবার বিকাল ৫ টায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম।

তিনি জানান, হাফেজ আলী গত ৬ জুন দুবাই থেকে বাড়িতে আসার হোমকোয়ারেন্টাইনে ছিলেন। গত বৃহস্পতিবার তার নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া ল্যাবে পাঠানো হয়। সেখান থেকে করোনা পজেটিভ বলে নিশ্চিত করা হয়। এছাড়া স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে তার সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, হাফেজ আলীর পার্শবর্তী কয়েকটি বাড়ি লকডাউন করা হয়েছে। সকলকে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে চলার আহান জানিয়েছেন তিনি।

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য মতে, এ নিয়ে মেহেরপুরে ৩৫ জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ২ জন মারা গেছেন। সুস্থ হয়েছেন ৮ জন। ২৪ জন আক্রান্ত রয়েছেন।

গাংনীতে মাদ্রাসা ছাত্রীকে যৌন নির্যাতনের অভিযোগে প্রতিবেশী বৃদ্ধ আটক

মেহেরপুরের গাংনীতে ২য় শ্রেনীর এক মাদ্রাসা ছাত্রীকে (১২) যৌন নির্যাতনের অভিযোগে আক্কাস আলী নামের এক বৃদ্ধকে আটক করেছে পুলিশ।
রবিবার বিকাল ৩ টায় উপজেলার বামুন্দীর নিজ বাড়ি থেকে তাকে আটক

করে পুলিশ। আক্কাস আলী হার্টিকালচারের সাবেক কর্মচারী। হার্টিকালচারে চাকুরী থেকে অবসর নিয়ে ঐ এলাকায় দীর্ঘদিন যাবৎ বসবাস করে আসছেন। তার নিজ জেলা ঝিনাইদহ।
নির্যাতিতা ছাত্রীর পিতা জানান,লম্পট আক্কাস আলী তার প্রতিবেশি হওয়ার কারনে তাদের বাড়িতে পরিবারের সদস্যদের যাতায়াত থাকলেও ঘটনার দিন মেয়েকে প্রলোভন দেখিয়ে আক্কাস আলী তার বাড়িতে ডেকে নিয়ে যৌন নির্যাতন করে। ঘটনাটি ধামচাপা দিতে মেয়েকে হুমকিও দেয় লম্পট আক্কাস আলী। মেয়ের শারীরিক অবস্থার দূর্বল হয়ে পড়লে তখন তার মাকে বিষয়টি খুলে বলে এরপর অভিযুক্তের বিচারের দাবিতে থানায় অভিযোগ করেছি।
মেয়ের মা জানান,তার নাবালিকা মেয়ে বামুন্দী একটি মাদ্রাসার ২য় শ্রেনীর ছাত্রী তাকে দুদিন আগে লম্পট আক্কাস আলী যৌন নির্যাতন করে। শিশু নির্যাতনকারী নরপশু আক্কাস আলীর দৃষ্টান্ত মুলক শাস্তির দাবি করেন তিনি।
গাংনী থানার এস আই আব্দুল হান্নান বলেন,মেয়ের পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ দিয়েছে।
যৌন নির্যাতনের ঘটনার বিচার দাবি করে স্থানীয়রা জানান, ৬০ বছর বয়সী ৩ সন্তানের জনক লম্পট আক্কাস আলীর ৩ টা ছেলে ও ঘরে বৌ থাকলেও নাবালিকা মাদ্রাসা ছাত্রীর সাথে যে নির্মম নির্দয় আচরন করেছে তার দৃষ্টান্ত মুলক শাস্তির আওতায় আনতে হবে। যৌন নির্যাতনের শাস্তির দৃশ্যমান হলে পরবর্তীতে এ ধরনের ঘটনা ঘটাতে কেউ সাহস পাবেনা।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,বিষয়টি যাচাই বাছাই করা হচ্ছে। মামলা নথিভুক্ত হওয়ার পর ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হবে মেয়েটিকে।
এছাড়া আক্কাস আলীকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আক্কাস আলী পুলিশের কাছে আটক থাকায় তার বক্তব্য জানা সম্ভব হয়নি।

গাংনীতে নবাগত ইউএনও’র সাথে

ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা বিনিময়

গাংনী উপজেলার নবাগত উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ এর সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা।

বৃহস্পতিবার সকাল দশটার সময় উপজেলা নিবার্হী অফিসারের সম্মেলন কক্ষে ৯টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বৃন্দ উপস্থিত হয়ে নবাগতাকে শুভেচ্ছা জানান। চেয়ারম্যান দের শুভেচ্ছা গ্রহণের পর সংক্ষিপ্ত আলোচনা সভায় গাংনী উপজেলা কে একটি মডেল উপজেলা হিসেবে উপহার দেওয়ার জন্য চেয়ারম্যানদের সহযোগিতা, কর্মদক্ষতা কাজে লাগিয়ে সার্বিক সহযোগিতা করার আহ্বান জানান।

সেই সাথে গাংনীর চলমান উন্নয়নকে আরো গতিশীল করতে তিনি স্থানীয় জনপ্রতিনিধি হিসেবে ইউপি চেয়ারম্যানদের ভূমিকা অপরিসীম বলে মন্তব্য করেন। এসময় কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা ও চেয়ারম্যান সোহেল আহমেদ বক্তব্য রাখেন।

গাংনীর চাল কান্ডে সরকার ও দলের মান ক্ষুন্ন হয়েছে-এম.এ খালেক

গাংনীর চাল চুয়াডাঙ্গা জব্দ হয়েছে। প্রধানমন্ত্রীর নাম সংবলিত কাবিখা প্রকল্পের ১২৬৬ বস্তা চাল জব্দ এতেই সরকার ও দলের ভাবমূর্তি চরমভাবে নষ্ট হয়েছে। চাল বিক্রি বৈধ হোক আর অবৈধ হোক সেটি পরের বিষয়।

চাল নিয়ে বিভিন্ন গণমাধ্যম বা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে যে প্রকার চালাচালি শুরু হয়েছে তাতে মেহেরপুর জেলার গাংনী

পরিপত্রের সূত্র ধরে বলেন, সরকারি কাবিখা প্রকল্পের বরাদ্দকৃত খাদ্যশস্যের ৫০ থেকে ৬০ পার্সেন্ট এমনকি ৭০ পার্সেন্ট বিক্রি করতে পারবেন বলে জানিয়েছেন প্রকল্প বাস্তবায়ন অফিস।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে ২ ব্যবসায়ীকে জরিমানা

মেহেরপুরের গাংনী বাজারে ২ ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার বিকেলে গাংনী বাজারে নির্ধারিত সময়ের পর দোকান খোলা রাখা রাখার দায়ে আলিফ জুয়েলার্সের সত্ত্বাধিকারী সালাউদ্দিনকে ৫ শত এবং সোবান হোটেলের স্বত্বাধিকারী আব্দুস সোবহানকে ৫ শ’টাকা করে মোট ১ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আর এম সেলিম শাহনেওয়াজ।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন গাংনী থানা পুলিশের এএসআই নারদসহ সঙ্গীয় ফোর্স।

এ সময় গাংনী বাজার কমিটির সভাপতি মাহবুবুর রহমান স্বপন উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা নিবার্হী

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]